JUN 16 2002

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# গলাচিপা মহিলা কলেজ অধ্যক্ষের কক্ষে তালা ॥ বিক্ষুব্ধ শিক্ষার্থী ও অভিভাবকমহল

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ গত মঙ্গলবার সকাল ১০টায় গলাচিপা মহিলা কলেজের বিএনপি সমর্থিত শিক্ষক-কর্মচারীরা অধ্যক্ষ মো. ইউসুফ মিয়ার কক্ষে তালা ঝুলিয়ে দিয়ে তার অপসারণ দাবি করেছে।

কলেজ সূত্রে জানা গেছে, ওই কলেজের পরিচালনা পরিষদের সভাপতি পদে স্থানীয় সংসদ সদস্য আ.খ.ম জাহাঙ্গীর হোসাইনের নাম প্রস্তাব করে সংশ্লিষ্ট বোর্ড কর্তৃপক্ষের কাছে পাঠানো হলে কলেজের শিক্ষক-কর্মচারীরা পরস্পর আওয়ামী লীগ ও বিএনপি এ দু'টি গ্রুপে বিভক্ত হয়ে পড়ে। বিএনপি সমর্থিত গ্রুপের শিক্ষক-কর্মচারীদের চাপে কলেজের পরিচালনা পরিষদের আহ্বায়ক কমিটি ১লা জুন এক সভায় এ প্রস্তাবের জের ধরে অধ্যক্ষ মো. ইউসুফ মিয়াকে অব্যাহতি দিয়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে ওই কলেজের অর্থনীতি বিভাগের অধ্যাপক কামাল হোসেনকে দায়িত্ব দেয়। আহ্বায়ক কমিটির এ সিদ্ধান্তের বিরুদ্ধে অধ্যক্ষ মো. ইউসুফ মিয়া ৪ঠা জুন গলাচিপা সহকারী জজ আদালতে মামলা করলে বিজ্ঞ আদালত ১লা জুনের আদেশের ওপর নিষেধাজ্ঞা জারি করেন। এতে ক্ষিপ্ত হয়ে বিএনপি সমর্থিত শিক্ষক-কর্মচারীরা অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন। বর্তমানে কলেজের শিক্ষার্থী ও অভিভাবকমহল এ ব্যাপারে ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে কলেজের স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য দাবি জানিয়েছেন।